বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

**নির্বাহী প্রকৌশলী'র দপ্তর**
শেরপুর পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, শেরপুর-২১০০
ইমেইল: xenbwdbsherpur@gmail.com

**Office of the Executive Engineer**
Sherpur Water Development Division
BWDB, Sherpur-2100
Email: xenbwdbsherpur@gmail.com

স্মারক নং-এল-১১ তারিখঃ ০৩/০৭/২০২৪ খ্রি:।

## "সীমিত দরপত্র পদ্ধতির (LTM) ঠিকাদার তালিকাভুক্তি ও নবায়নের বিজ্ঞপ্তি"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শেরপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, শেরপুর পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির (LTM) আওতায় অনধিক ৩(তিন) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য ও ২৫ (পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য (Goods) সরবরাহের লক্ষ্যে **২০২৪-২০২৫ অর্থ বছরের** জন্য ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি ও নবায়ন করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী(পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকার স্মারক নং-৪২.০১.০০০.০০৫.২২.০০৩.১৫-১৩৪; তারিখঃ ২০-০৭-২০২০ খ্রি. মোতাবেক এবং এর ধারাবাহিকতায় নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে আবেদন করা যাবে। ঠিকাদার তালিকাভুক্তি ও নবায়নের কার্যক্রম সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ছাড়া সকাল ০৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত অব্যাহত থাকবে। নির্দ্ধারিত তারিখ ও সময়ের পর তালিকাভুক্তি ফরম সরবরাহ ও গ্রহন করা হবে না।

ঠিকাদার/সরবরাহকারী নতুন তালিকাভূক্তির আবেদনের তফসিল:

| ক্রমিক নং | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তির ধরন। | **নতুন তালিকাভুক্তি আবেদন ফরম বিতরণ আরম্ভের তারিখ।** | **নতুন তালিকাভুক্তি আবেদন ফরম বিতরনের শেষ তরিখ।** | **নতুন তালিকাভূক্তির আবেদন** গ্রহনের সর্বশেষ তারিখ |
|---|---|---|---|---|
| ১ | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি (কার্য) | ০৭/০৭/২০২৪খ্রি: | ০৭/০৮/২০২৪ খ্রি: | ০৭/০৮/২০২৪ খ্রি: |
| ২ | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি (পণ্য) | ০৭/০৭/২০২৪খ্রি: | ০৭/০৮/২০২৪ খ্রি: | ০৭/০৮/২০২৪ খ্রি: |

ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তির নবায়নের তফসিল:

| ক্রমিক নং | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তির ধরন। | **নতুন তালিকাভুক্তি আবেদন ফরম বিতরণ আরম্ভের তারিখ।** | **নতুন তালিকাভুক্তি আবেদন ফরম বিতরনের শেষ তরিখ।** | **নতুন তালিকাভূক্তির আবেদন** গ্রহনের সর্বশেষ তারিখ |
|---|---|---|---|---|
| ১ | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি (কার্য) | ০৭/০৭/২০২৪খ্রি: | ০৭/০৮/২০২৪ খ্রি: | ০৭/০৮/২০২৪ খ্রি: |
| ২ | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি (পণ্য) | ০৭/০৭/২০২৪খ্রি: | ০৭/০৮/২০২৪ খ্রি: | ০৭/০৮/২০২৪ খ্রি: |

### শর্তাবলী:

১। তালিকাভূক্তি নবায়ন/নতুন তালিকাভুক্তির আবেদন ফরম অত্র দপ্তর হতে সংগ্রহ পূর্বক আবেদন ফরমের মূল্য ৫০০.০০ (পাঁচশত) টাকার ১ (এক) টি পে-অর্ডার উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ময়মনসিংহ বরাবর করত: আবেদন ফরমে উল্লেখিত প্রয়োজনীয় কাগজপত্রসহ হিসাব শাখায় জমা দিতে হবে। নবায়নের ক্ষেত্রে অবশ্যই ঠিকাদার তালিকাভুক্তির রেজিস্ট্রেশন বই জমা দিতে হবে।

২। ঠিকাদার তালিকাভুক্তি কমিটির সুপারিশ এবং প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা মহোদয়ের অনুমোদন সাপেক্ষে তালিকাভুক্তি নবায়ন/নতুন তালিকাভুক্তির আবেদন চূড়ান্তভাবে গৃহিত হবে।

৩। ঠিকাদার নতুন তালিকাভুক্তি/নবায়ন করার ক্ষেত্রে অত্র সার্কুলার জারীর পর ঠিকাদারদের ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (কার্য ২০ লক্ষ, পণ্য সরবরাহ-৩ লক্ষ) প্রদান করতে হবে। ব্যাংক সলভেন্সির ক্ষেত্রে বিজ্ঞপ্তি জারীর তারিখ হতে আবেদন গ্রহনের শেষ দিন পর্যন্ত ব্যাংক স্টেটমেন্ট/ব্যাংক সনদ গ্রহনযোগ্য হবে। ব্যাংক স্টেটমেন্ট/ব্যাংক সনদে অবশ্যই সংশ্লিষ্ট ব্যাংক শাখার ই-মেইল ঠিকানা উল্লেখ থাকতে হবে।

৪। ঠিকাদার নতুন তালিকাভুক্তি/নবায়ন করার জন্য বৈধ ট্রেড লাইসেন্স প্রদান করতে হবে।

৫। আবেদনের সাথে BIN Certificate প্রদান করতে হবে VAT Certificate সার্টিফিকেট গ্রহণযোগ্য হবে না।

৬। আবেদনের সাথে ২০২৩-২০২৪ অর্থ বছরের আয়কর প্রদানের প্রমানক প্রদান করতে হবে। জুলাই/২০২৪ খ্রি: হতে যে সকল ঠিকাদার নতুন Tin Registration করবেন তাহাদের আয়কর প্রদানের সনদ প্রদান করতে হবে না।

৭। সংশ্লিষ্ট ব্যক্তিকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে এবং আবেদনের সাথে সংশ্লিষ্ট ব্যক্তির NID এবং ৩ (তিন) কপি ল্যাব প্রিন্ট ছবি সংযুক্ত করতে হবে।

৮। বাপাউবোর নির্ধারিত ছকে ৩০০.০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গিকারনামা প্রদান করতে হবে।

৯। নতুন ঠিকাদার তালিকাভুক্তির ক্ষেত্রে তালিকাভুক্তির ফি ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা এবং ১৫% ভ্যাট বাবদ ৭৫০.০০ (সাতশত পঞ্চাশ) টাকা প্রদান করতে হবে।

১০। ঠিকাদার নবায়ন করার ক্ষেত্রে নবায়ন ফি ২,০০০.০০ (দুই হাজার) টাকা এবং ১৫% ভ্যাট বাবদ ৩০০.০০ (তিনশত) টাকা প্রদান করতে হবে।

03/07/2024

(মো: নকিবুজ্জামান খান)
নির্বাহী প্রকৌশলী (পুর) (চ:দা:)
আইডি নং- ৯২০৬৩০০০২
শেরপুর পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, শেরপুর।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

**নির্বাহী প্রকৌশলী'র দপ্তর**
শেরপুর পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, শেরপুর-২১০০
ইমেইল: xenbwdbsherpur@gmail.com

**Office of the Executive Engineer**
Sherpur Water Development Division
BWDB, Sherpur-2100
Email: xenbwdbsherpur@gmail.com

স্মারক নং-এল-১১/১(১৭) তারিখঃ ০৩/০৭/২০২৪ খ্রি:।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১) প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা।
২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, টাঙ্গাইল পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, টাঙ্গাইল।(নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।
৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।
৪) পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা(বহুল প্রচারিত ১টি বাংলা ও ১টি ইংরেজি ও ১টি স্থানীয় পত্রিকায় প্রকাশের অনুরোধসহ)।
৫) সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, পানি ভবন, ঢাকা। ।
৬) সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন-৭২ গ্রীন রোড, ঢাকা। (বিজ্ঞপ্তিটি বাপাউবোর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৭) জেলা প্রশাসক, শেরপুর । (নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।
৮) পুলিশ সুপার, শেরপুর। (নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।
৯) নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, শেরপুর। (নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।
১০) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, শেরপুর। (নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।
১১) নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, শেরপুর। (নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।
১২) হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ময়মনসিংহ।
১৩) উপ-বিভাগীয় প্রকৌশলী, (সকল), অত্র দপ্তর।
১৪) উপ-সহকারী প্রকৌশলী, (সকল), অত্র দপ্তর।
১৫) প্রাক্কলনিক, শেরপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, শেরপুর। তাহাকে ঠিকাদার তালিকাভুক্তি ফরম বিক্রয় ও আবেদনপত্র গ্রহণ এবং ঠিকাদার তালিকাভূক্তি/নবায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।
১৬) উর্দ্ধতন হিসাব সহকারী (অত্র দপ্তর)
১৭) দপ্তর কপি।

03/07/2024

নির্বাহী প্রকৌশলী (চ: দা:)
শেরপুর পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, শেরপুর।